গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(রাজস্ব শাখা)
www.gaibandha.gov.bd

স্মারক নং-৩১.৫৫.৩২০০.০৩১.১৪.০৩০.২৫.০৭

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি।

গাইবান্ধা জেলাধীন ২০(বিশ) একরের উর্ধ্বে আয়তনের নিম্নলিখিত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদি ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট (jm.lams.gov.bd) বা জেলা প্রশাসক, গাইবান্ধার ওয়েবসাইট (www.gaibandha.gov.bd) থেকে অনলাইনে আবেদন করা যাবে।

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের তফসিল | সরকারি মূল্য/ ইজারা মূল্য | অনলাইনে আবেদন দাখিলের তারিখ | আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সাঘাটা | মরাবাঙ্গালী নদীর ৩য় অংশ | মৌজা-ফলিয়াদিগর, কৈচড়া, শিমুলতবাড়ী খং নং-১, দাগ নং-৮২ ও ৯৩, আয়তন ৩৪.৪৯ একর | ১,৩৬,৫০০/- | বাংলা ১৪৩২ সনের ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি ২০২৬ থেকে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে) | বাংলা ১৪৩২ সনের ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে) সীলগালা মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে |
| ০২ | সাঘাটা | মরাবাঙ্গালী নদীর ২য় অংশ | মৌজা-জুমারবাড়ী, বাদিনারপাড়া খং নং-১, দাগ নং-১, ৯২, ৬০৫ ৯১৩/১ ও ৬১ আয়তন ৩০.২৭ একর | ৪,৩৫,৭৫০/- | | |
| ০৩ | সাঘাটা | বিলবস্তা গ্রুপ | মৌজা-যোগীপাড়া, ঝড়াবর্ষা, যাদুরতাইড় ও ঘুড়িদহ খংনং-১, দাগ নং-৩৮৮, ২১৮, ২৭৮১, ১৯৩৩, ১৫১৪, ৯৪৫,১৬৯৭, ৪১৬৯ ও ৮৬৫ আয়তন ৪৯.০০ একর | ৩৪,৬৫,০০০/- | | |
| ০৪ | সাঘাটা | তেলিয়ান কালপানি বিল | মৌজা-তেলিয়ান কালপানি খংনং-১, দাগ নং-১১৯৩, ২৪৫৯, ১৩, ২০২৩, ১০১৯ ও ২৩৮২ আয়তন-৯৯.৮১ একর | ১৩,৯৬,৫০০/- | | |
| ০৫ | সুন্দরগঞ্জ | বামনডাংগা | মৌজা-তালুকরামভদ্র, তালুকসাহাবাজ খংনং-১, দাগ নং-৮১৮০, ২১৮৮, ২১৯০, ২১৯১, ২১৯২, ২১৯৩, ২১৯৪, ২১৯৫, ২১৯৬, ২১৯৭, ৩১৯০, ৩১৯২, ৩১৯৩, ৩১৯৪, ৩১৯৫, ও ১১৭৬ আয়তন ৪৮.৭৭ একর | ১৬,৫৫,৩২৫/- | | |
| ০৬ | সুন্দরগঞ্জ | মরুয়াদহ | মৌজা-মরুয়াদহ, খং নং-১, দাগ নং-৪০০১ ও ৪৫৫০ আয়তন-২৪.৯৬ একর | ১,৫৭,৫০০/- | | |

চলমান পাতা-২

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের তফসিল | সরকারি মূল্য/ ইজারা মূল্য | অনলাইনে আবেদন দাখিলের তারিখ | আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | গাইবান্ধা সদর | কাজলঢোপ | মৌজা-কাজলঢোপ খং নং-১, দাগ নং-১০৬৭, ১০৭৮, ১৬০৩, ২০০৫ ও ২০১৩ আয়তন-২০.৭৭ একর | ৪,৮২,৩৪৫/- | বাংলা ১৪৩২ সনের ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি ২০২৬ থেকে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে) | বাংলা ১৪৩২ সনের ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে) সীলগালা মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে |
| ০৮ | গোবিন্দগঞ্জ | পুনতাইড় বিল | মৌজা-পুনতাইড় খং নং-১, দাগ নং-৭১৭১ আয়তন-৩০.২২একর | ৬৩,০০০/- | | |
| ০৯ | ফুলছড়ি | কাঠুর বিল | মৌজা-কাঠুর খং নং-১, দাগ নং-১২৪৬, ২৭০১, ৩৪৫২, ২৪৫৩ ও ২৪১১ আয়তন-৩৩.১৫ একর | ২৪,১৮,১৫০/- | | |

**শর্তসমূহ** ঃ

০১। ইজারার নির্ধারিত আবেদন ফরম আগামী ০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে) জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবর সোনালী ব্যাংক পিএলসি, গাইবান্ধা শাখা হতে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) মূল্যে এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারার আবেদন ফরম ক্রয় করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০২। অনলাইনে আবেদনের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির রেজিস্ট্রেশনের কপি, গঠনতন্ত্রের কপি, অডিট রিপোর্ট, ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, নির্বাচিত কমিটি ও সমিতির সকল সদস্যের ছবিসহ নামের তালিকা, জাতীয় পরিচয়পত্র, মৎস্যজীবী কার্ড, মোবাইল নম্বর ও ঠিকানা, সমিতির সভার কার্যবিবরণী, মৎস্যচাষের তিন বছর মেয়াদি পরিকল্পনার রূপরেখা, উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিবেদন, মৎস্যজীবী সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কতৃক প্রত্যয়ন পত্র, সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা সে বিষয়ে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

০৩। জামানতস্বরূপ আবেদনের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% টাকা সোনালী ব্যাংক পিএলসি, গাইবান্ধা শাখা, গাইবান্ধা হতে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবরে ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।

০৪। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা গ্রহণে অগ্রাধিকার পাবে। কোন মৎস্যজীবী সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না।

০৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাবলী এ বিজ্ঞপ্তির শর্ত হিসেবে প্রযোজ্য হবে।

০৬। ইজারাগ্রহীতা সমিতিকে ৩ চৈত্র ১৪৩২ হতে ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে নির্ধারিত কোডে ইজারা মূল্য, নির্ধারিত হারে ভ্যাট ও আয়করের টাকা জমা প্রদান করতে হবে এবং চুক্তি সম্পাদন করতে হবে।

০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

০৮। জলমহাল ইজারা গ্রহণের বিধি-বিধান ও অন্যান্য শর্তাবলী এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

(মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা)
জেলা প্রশাসক
গাইবান্ধা।
ফোন নং-০২-৫৮৮৮৭৭৫০০(অ)
e-mail: dcgaibandha@mopa.gov.

স্মারক নং ঃ ৩১.৫৫.৩২০০.০৩১.১৪.০৩০.২৫- ০৭ (১০০) তারিখঃ ০৪/০১/২০২৬ খ্রি. ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের অনুরোধ জানিয়ে প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।

৩। পুলিশ সুপার, গাইবান্ধা ।

৪। উপজেলা নির্বাহী অফিসার..............................................(সকল), গাইবান্ধা ।

৫। মেয়র, গাইবান্ধা /সুন্দরগঞ্জ/গোবিন্দগঞ্জ/পলাশবাড়ী, পৌরসভা ।

৬। সহকারী কমিশনার(ভূমি)..................................................(সকল), গাইবান্ধা ।

৭। জেলা.........................................................................................অফিসার, গাইবান্ধা।

৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, গাইবান্ধা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৯। চেয়ারম্যান.................................................................................(সংশ্লিষ্ট ইউপি), গাইবান্ধা। বহুল প্রচারের নিমিত্ত ঢোলসহরত ও মাইকিং করার জন্য অনুরোধ করা হলো ।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................................................(সংশ্লিষ্ট সকল), গাইবান্ধা। বহুল প্রচারের নিমিত্ত ঢোলসহরত ও মাইকিং করার জন্য অনুরোধ করা হলো ।

১১। ..............................................................................................................................
..............................................................................................................................

১২। সম্পাদক, "দৈনিক মাধুকর " গাইবান্ধা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় এক দিনের জন্য সাশ্রয়ী আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ কার্যালয়ে ৩ (তিন) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। সভাপতি/সম্পাদক, ..........................................................মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, .............................., গাইবান্ধা ও ইজারাদার।

০৪/০১/২০২৬

জেলা প্রশাসক
গাইবান্ধা।